অবিলম্বে প্রকাশের জন্য: 10/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাবওয়ের রেকর্ড যাত্রীসংখ্যার ঘোষণা করলেন যেহেতু MTA কন্টাক্টলেস পেমেন্ট সিস্টেমে তিন বিলিয়নের বেশি ট্যাপ পেয়েছে

আপার ইস্ট সাইডের ব্যক্তি 47th–50th Streets–Rockefeller Center BDFM স্টেশনে ট্রানজিট সিস্টেমের তিন বিলিয়নতম ট্যাপ হয়েছেন

সাবওয়ে সিস্টেম মহামারীর পরের নতুন রেকর্ড যাত্রীসংখ্যা অর্জন করেছে, 4.5 মিলিয়নের বেশি কাস্টোমারকে বহন করেছে

87 শতাংশ সাবওয়ে এবং বাসের যাত্রা ট্যাপ এবং রাইডের টেকনোলজি ব্যবহার করে করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি ট্রানজিট সাবওয়েতে (New York City Transit Subway) যাত্রীর সংখ্যা এই সপ্তাহে টানা দুই দিন 4.5 মিলিয়ন পার করেছে, যা মহামারীর পরের রেকর্ড যাত্রীসংখ্যা। গভর্নর এছাড়াও তুলে ধরেছেন যে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) তাদের কন্ট্যাক্টলেস ভাড়া পেমেন্ট সিস্টেমে তিন বিলিয়ন ট্যাপ দেখেছে।

"এই বছর নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতাতে উল্লেখযোগ্য অগ্রগতি হওয়ার ফলে, এটি কোনো অবাক ব্যাপার না যে আমরা সাবওয়েতে আরো একটি যাত্রীসংখ্যার রেকর্ড ভেঙ্গেছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "তার উপর, ট্যাপ করে যাত্রা করার যে বাড়তি সুবিধা এখন যাত্রীদের আছে তা সত্যিই লাভজনক হয়ে উঠেছে। একই সপ্তাহে ট্যাপ অ্যান্ড গোয়ের জন্য এবং প্রতিদিনের যাত্রী সংখ্যার বড় মাইলফলকে পৌঁছানো হলো সর্বশেষ প্রমাণ যে নি ইয়র্ক গণপরিবহনে যে বিনিয়োগ করেছে তা নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) প্রাণশক্তিকে সমৃদ্ধ করতে সাহায্য করছে।"

22 অক্টোবর, বুধবার, 4.52 মিলিয়ন কাস্টোমার সাবওয়েতে উঠেছেন এবং 23 অক্টোবর, বৃহস্পতিবার, সেই সংখ্যা ছিলো 4.55 মিলিয়ন যাত্রী। আগের রেকর্ডটি হয়েছিলো 12 ডিসেম্বর, 2024 তারিখে ছুটির কেনাকাটার মৌসুমে, যখন সাবওয়েতে 4.53 মিলিয়ন কাস্টোমার দেখা গেছে। একই সময়ে MTA তাদের কন্ট্যাক্টলেস ভাড়া পেমেন্ট সিস্টেমে তিন বিলিয়ন ট্যাপে পৌঁছে গেছে। তিন বিলিয়নতম ট্যাপের সনাক্ত করা হয়েছে এবং তিনি আপার ইস্ট সাইডের (Upper East Side) Russell Levy (রাসেল লেভি) যিনি 47th–50th Streets–Rockefeller

Center BDFM স্টেশনে দুপুর 12:00টার ঠিক পরে সাবওয়ে সিস্টেমে ট্যাপ করেছেন। MetroCard-এর ব্যবহার ধীরে ধীরে শেষ করার জন্য, সম্প্রতি সেপ্টেম্বর মাসে, অথোরিটি 472টি সাবওয়ে স্টেশনের প্রতিটিতে 980টি OMNY কার্ড ভেন্ডিং মেশিন ইন্সটল করার কাজ শেষ করার পর এই মাইলফলক অর্জন করা হয়েছে। এখন পর্যন্ত, সকল সাবওয়ে এবং বাস যাত্রার 87 শতাংশের ভাড়া ট্যাপ অ্যান্ড রাইড টেকনোলজি ব্যবহার করে দেওয়া হয়।

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "তিন বিলিয়ন ট্যাপ হলো নিউ ইয়র্কবাসীরা যে ভাড়া দেওয়ার নতুন যুগের জন্য তৈরি তার এমন একটি প্রমাণ যা অস্বীকার করা যাবে। 30 বছর আগে MetroCard যেমনটি করেছে, ট্যাপ অ্যান্ড রাইড সেভাবেই নতুন ডিসকাউন্ট এবং প্রচারণার সুযোগ দেয় যা ট্রানজিটের ক্রয়ক্ষমতাকে উন্নত করে, কোনো গতির হিসাব করতে হয় না।"

NYC ট্রানজিটের প্রেসিডেন্ট Demetrius Crichlow (ডিমেট্রিয়াস ক্রিশলো) বলেন, "আপনার ভাড়া দেওয়ার সবথেকে দ্রুত, সবথেকে সহজ, এবং সবথেকে সুবিধাজনক উপায় হিসেবে, ট্যাপ অ্যান্ড রাইড হলো ট্রানজিটের যাত্রীদের জন্য বড় একটি পার্থক্য তৈরি করে দিচ্ছে এবং তারা এখন তিন বিলিয়ন বার ভাড়া দেওয়ার এই পদ্ধতি বেছে নিয়েছেন। এবং যদিও কিছু নিউ ইয়র্কবাসীর জন্য MetroCard-কে বিদায় বলা কষ্টকর হবে, তবে আমরা যাত্রীদের জোর দিয়ে উৎসাহিত করছি তারা যাতে বাধাহীন ট্রানজিশন নিশ্চিত করতে এখনই ভবিষ্যতের পেমেন্ট সিস্টেম ব্যবহার শুরু করেন।"

MTA এর চীফ কাস্টোমার অফিসার Shanifah Rieara (সানিফা রিয়েরা) বলেন, "প্রায় 90 শতাংশ যাত্রী এই পরিবর্তন গ্রহণ করেছেন এবং আমরা শেষ 10 শতাংশের কাছে পৌঁছে যেতে আমাদের চেষ্টা বাড়িয়ে দিচ্ছি। এর মধ্যে আছে এই বছর শেষ হওয়ার আগে আরো কাস্টোমার সার্ভিস সেন্টার খোলা যাতে যাত্রীদেরকে তাদের এলাকায় প্রশ্ন করার এবং কোনো উদ্বেগ থাকলে তার সমাধান করার ইন-পার্সন সুযোগ দেওয়া যায়, এবং সার্বিক ট্রানজিশন যতটা সম্ভব মসৃণ করা যায়।"

তিন বিলিয়নতম ট্যাপ অ্যান্ড রাইডের কাস্টোমার Russell Levy (রাসেল লেভি) বলেন, "এটি আমার দিনের জন্য নিঃসন্দেহে নতুন কিছু, এটির হবে এমন কোনো ধারণা ছিলো না। আমরা প্রতিদিন সাবওয়ে ব্যবহার করি, আমরা এটি একাধিক বার ব্যবহার করি এবং ট্যাপ করে OMNY ব্যবহার করতে পছন্দ করি।"

মার্চ মাসে অথোরিটি ঘোষণা করেন যে 31 ডিসেম্বর, 2025 হবে MetroCard বিক্রির শেষ তারিখ, এবং 2026 সালের মাঝামাঝি সময়ে MetroCard গ্রহণ করা বন্ধ হবে। অথোরিটি সম্পূর্ণ ট্রানজিশনের দিকে যাচ্ছে, এবং তারা তাদের শক্তিশালী OMNY রিটেইল নেটওয়ার্ক বড় করে যাচ্ছে যা বর্তমানে 2,700টি অবস্থানে আছে, এটি MetroCard পার্টনার অবস্থানের সংখ্যার দ্বিগুণ। ট্যাপ অ্যান্ড রাইড পেমেন্ট সিস্টেমের জন্য যদিও OMNY কার্ড আবশ্যিক না এবং এটি যাত্রীদেরকে সরাসরি ডিজিটাল ওয়ালেট এবং কন্ট্যাক্টলেস ব্যাক কার্ড দিয়ে ভাড়া পরিশোধ করতে দেয়, কিন্তু কাস্টোমারদের জন্য OMNY কার্ড কেনা বা রিলোড করা দ্বিগুণ সহজ হবে।

ট্যাপ অ্যান্ড রাইড পেমেন্ট সিস্টেম সম্পর্কে প্রশ্ন থাকলে কাস্টোমাররা 511 নম্বরে বা 877-789-6669 নম্বরে OMNY কল সেন্টারে ফোন করতে পারবেন, MTA অ্যাপে একজন লাইভ এজেন্টের সাথে কথা বলতে পারবেন, বা 16টি 24/7 কর্মী থাকা কাস্টোমার সার্ভিস সেন্টারের (Customer Service Centers, CSCs) যেকোনোটিতে যেতে পারবেন, যা এই বছর শেষ হওয়ার আগে আরো 14টি অবস্থানে বাড়ানো হবে, যেমনটি গত সপ্তাহে ঘোষণা করা হয়েছে।

MetroCard বিক্রি বন্ধ করে এবং একক ভাড়া সংগ্রহ করার পদ্ধতিতে ট্রানজিশন করে, MTA আশা করছে যে MetroCard তৈরি এবং বিতরণ; ভেন্ডিং মেশিন মেরামত; এবং নগদ সংগ্রহ এবং ব্যবস্থাপনার জন্য বছরে কমপক্ষে 20 মিলিয়ন মার্কিন ডলার খরচ সাশ্রয় হবে। কন্ট্যাক্টলেস পেমেন্ট সিস্টেমে চলে গেলে এছাড়াও নতুন কাস্টোমারবান্ধব প্রচারণা বা ভাড়ার ডিসকাউন্টের সুযোগ তৈরি করছে।

কন্ট্যাক্টলেস সিস্টেম ট্রানজিট সিস্টেম ব্যবহারকে সহজ কর৾

ট্যাপ এবং রাইড টেকনোলজি সর্বোচ্চ ভাড়া সীমিত করার মাধ্যমে NYC ট্রানজিট সিস্টেম ব্যবহার করা সহজ করেছে যেহেতু এর ফলে সবথেকে সাশ্রয়ী ভাড়ার টিকেট কেনার ক্ষেত্রে অনুমান করতে হয় না। MetroCard-এর মতো এখানে কাস্টোমারদেরকে আনলিমিটেড রাইড পেতে আগে অর্থ পরিশোধ করতে হয় না বা তারা যা খরচ করেননি তা বাজেয়াপ্ত হয় না। সর্বোচ্চ ভাড়া সীমিত করার ফিচার, যা একটি ডিজিটাল ওয়ালেট, একটি কন্ট্যাক্টলেস ডেবিট।ক্রেডিট কার্ড বা একটি OMNY কার্ড ব্যবহার করা কাস্টোমারদের জন্য আছে, এটি বিনামূল্যে যাত্রা দিয়ে বা কাস্টোমারদের পকেটে অর্থ দেওয়ার মাধ্যমে ট্রানজিটকে আরো অ্যাক্সেসিবল করা হচ্ছে।

গত মাসে, MTA বোর্ড ভাড়া এবং টিকেট পলিসির পরিবর্তনের একটি সিরিজকে অনুমোদন দিয়েছে, এর মধ্যে আছে আগামী বছর থেকে শুরু করে এক্সপ্রেস বাসের জন্য সাত দিনের সর্বোচ্চ ভাড়ার সীমা বাড়ানো। এক্সপ্রেস বাসের কাস্টোমারদেরকে আনলিমিটেড এক্সপ্রেস বাস, স্থানীয় বাস, এবং সাবওয়ে রাইডের জন্য যেকোনো 7 দিনের সময়কালে এক সপ্তাহে 67 মার্কিন ডলারের বেশি খরচ করতে হবে না। 2022 সালে একটি পাইলট প্রোগ্রাম হিসেবে শুরু করা OMNY সাত দিনের ভাড়ার সর্বোচ্চ সীমাও স্থায়ী হয়ে গেছে। 7 দিনের রোলিং ভাড়ার সর্বোচ্চ সীমা, যা কাস্টোমারদেরকে 7 দিনের সময়কালে 12টি যাত্রার জন্য অর্থ পরিশোধ করতে দেয় এবং এরপর আগে কোনো পেমেন্ট করা ছাড়াই সপ্তাহের বাকি যাত্রাগুলি অটোমেটিক ভাবে বিনামূল্যের হয়ে যায়।

এছাড়াও গত মাসের ঘোষণার মধ্যে এই খবরটিও ছিলো যে OMNY চার্জ এবং যাত্রার ইতিহাস এবং OMNY.info-তে পাওয়া যাবে, এটি ভাড়ার পরিবর্তনের সময় জনগণের মতামত নেওয়ার সময় পাওয়া কাস্টোমার ফিডব্যাকের সাড়াদান হিসেবে সম্প্রতি যোগ করা একটি ফিচার। কাস্টোমাররা এখন তাদের যাত্রা এবং সেগুলির চার্জ, এবং সেই সাথে আনলিমিটেড যাত্রা পেতে তাদের অগ্রগতি OMNY.info-তে ট্র্যাক করতে পারবেন। 2026 সালের মাঝামাঝি সময়ের মধ্যে, MTA অ্যাপে সকল সেলফ-সার্ভিস টুল থাকবে যা OMNY.info-তে আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ ে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন